

(Handwritten signature)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
জয়পুরহাট জেলা শাখা।

স্মারক নং: ৩২.০২.৫৯৩৮.০০০.১৬.০৬.৪২.২৩-

তারিখ: - ০৬/১০/২৩ ১/১

সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় মহিলা সংস্থা জয়পুরহাট জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত ৪ (চার) মাস মেয়াদী তম ব্যাচে সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণ কোর্সে ১৮-৪৫ বৎসর বয়স পর্যন্ত শুধুমাত্র মহিলা প্রশিক্ষার্থী ভর্তি করা হবে। জয়পুরহাট জেলার স্থায়ী মহিলা বাসিন্দাদের নিকট হতে অফিসের নির্দিষ্ট ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	আসন সংখ্যা	বয়স
০১	সেলাই ও এমব্রয়ডারি	৫ম শ্রেণী	৩০	১৮-৪৫

আগ্রহী মহিলা প্রশিক্ষার্থীদের আগামী তারিখ হতে তারিখের মধ্যে অফিসের নির্ধারিত ফরমে অফিস চলাকালীন সময়ে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে ভর্তি ফরম পাওয়া যাবে।

সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

ভর্তি হতে ইচ্ছুক মহিলা প্রশিক্ষার্থীদের আগামী তারিখ ১০.১০.২৩ বেলা ১১.০০ ঘটিকায় অফিসের নিজস্ব কার্যালয়ে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য উপস্থিত থাকতে হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। দৈনিক ১০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে (বাজেট প্রাপ্তি সাপেক্ষে)। অসহায় মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে। ইতি পূর্বে যারা জয়পুরহাট জেলা কার্যালয় থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(আছমা বেগম)
চেয়ারম্যান
জাতীয় মহিলা সংস্থা
জয়পুরহাট জেলা শাখা।

স্মারক নং: ৩২.০২.৫৯৩৮.০০০.১৬.০৬.৪২.২৩-

তারিখ :

সদয় অবগতি ও বহল প্রচারের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. জেলা প্রশাসক, জয়পুরহাট।
২. উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট।
৩. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট।
৪. নোটিশ বোর্ড, জাতীয় মহিলা সংস্থা, জয়পুরহাট জেলা কার্যালয়।
৫. অফিস কপি

(আছমা বেগম)
চেয়ারম্যান
জাতীয় মহিলা সংস্থা
জয়পুরহাট জেলা শাখা।